

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২১০

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দাস-দাসী, পশু, নিজ স্ত্রী অথবা ছেলেমেয়েকে শরয়ী কারণ ছাড়া আদব দেওয়ার জন্য যতটুকু জরুরী তার থেকে বেশি শাস্তি দেওয়া নিষেধ

আরবী

وَعَنْ هِشَامِ بِنِ حَكِيمِ بِنِ حِزَامٍ رَضِيَ اللهُ عَنهُمَا : أَنَّه مَرَّ بِالشَّامِ عَلَى أُنَاسٍ مِنَ الأَنْبَاطِ وَقَدْ أُقيمُوا فِي الشَّمْسِ وَصِبُ عَلَى رُوُّوسِهِمُ الزَّيْتُ فَقَالَ : مَا هَذَا ؟ قِيلَ : يُعَذَّبُونَ فِي الْخَرَاجِ وَفِي رِوَايَةٍ : حُبِسُوا فِي الجِزْيَةِ فَقَالَ هِشَامٌ : أَشْهَدُ لَسَمِعْتُ رَسُولَ اللهِ عَيْلِيْ الْخَرَاجِ وَفِي رِوَايَةٍ : حُبِسُوا فِي الجِزْيَةِ فَقَالَ هِشَامٌ : أَشْهَدُ لَسَمِعْتُ رَسُولَ اللهِ عَيْلِيْ يَعُذَّبُونَ النَّاسِ فِي الدُّنْيَا فَدَخَلَ عَلَى الأَمِيرِ، فَحَدَّتُهُ، فَأَمَرَ بِهِمْ فَخُلُوا رواه مسلم

বাংলা

(২২১০) হিশাম ইবনে হাকীম ইবনে হিযাম (রাঃ) হতে বর্ণিত, সিরিয়ায় এমন কিছু চাষী লোকের নিকট দিয়ে তাঁর যাত্রা হচ্ছিল, যাদেরকে রোদে দাঁড় করিয়ে তাদের মাথার উপর তেল ঢেলে দেওয়া হচ্ছিল। তিনি প্রশ্ন করলেন, 'ব্যাপার কী?' বলা হল, 'ওদেরকে জমির কর (আদায় না দেওয়ার) জন্য সাজা দেওয়া হচ্ছে।' অন্য বর্ণনায় আছে যে, 'রাজস্ব (আদায় না করার) কারণে ওদেরকে বন্দী করা হয়েছে।' হিশাম বললেন, 'আমি সাক্ষ্য দিচ্ছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ কথা বলতে শুনেছি যে, আল্লাহু তাআলা সেসব লোকেদেরকে কষ্ট দেবেন, যারা লোকেদেরকে কষ্ট দেয়। অতঃপর হিশাম আমীরের নিকট গিয়ে এ হাদীসটি শুনালেন। তিনি তাদের সম্পর্কে নির্দেশ জারি করলেন এবং তাদেরকে মুক্ত করে দিলেন।

ফুটনোট

(মুসলিম ৬৮২৩-৬৮২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন